আজ সোমবার
৮ পৃষ্ঠা, ৭ টাকা
দৈনিক পূর্বদেশ
Dainik Purbodesh
www.dailypurbodesh.com



# প্রিমিয়ার ভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের ইন্ডাস্ট্রিয়াল ট্যুর

প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম) ডিসিপ্লিনের ৮ম সেমিস্টারের শিক্ষার্থীরা সম্প্রতি চট্টগ্রামের সনেট ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর উৎপাদন ইউনিট সনেট ফ্যাশনস লিমিটেডে ইন্ডাস্ট্রিয়াল ট্যুর সফলভাবে সম্পন্ন করেছে। এই ট্যুর সুষ্ঠুভাবে পরিচালনা করেন সনেট ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর মার্চেন্ডাইজিং বিভাগের সিনিয়র মার্চেন্ডাইজার মো. শাইফুল করিম আরিফ, অ্যাডমিন ও কমপ্লায়েন্স বিভাগের সিনিয়র এক্সিকিউটিভ (এইচআর) মো. আহসান, ওয়েলফেয়ার ও কমপ্লায়েন্স এক্সিকিউটিভ (এইচআর) অলকা নাথ। শিক্ষার্থীরা উৎপাদন প্রক্রিয়া, শ্রমিক ব্যবস্থাপনা, কাজের পরিবেশ, কমপ্লায়েন্স কার্যক্রম এবং প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপনার বাস্তব প্রয়োগ সম্পর্কে বিস্তারিত ধারণা অর্জন করে। তারা দেখেন কীভাবে ৬৫০-৭০০ জন শ্রমিককে সমন্বিতভাবে পরিচালনার মাধ্যমে উচ্চ উৎপাদনশীলতা ও মান বজায় রাখা হয় এবং কীভাবে কার্যকর মানবসম্পদ ব্যবস্থাপনার কৌশল শিল্পপ্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

এই কার্যক্রমটি তত্ত্বাবধান করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মিসেস জিনাত শাহানা, মিসেস পপি পোদ্দার ও সাইফুল আজম। মোট ৩২ জন শিক্ষার্থী এই ইন্ডাস্ট্রিয়াল ট্যুরে অংশগ্রহণ করে। বিজ্ঞপ্তি



প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের এইচআরএম ডিসিপ্লিনের ইন্ডাস্ট্রিয়াল ট্যুর

Ref: Daily Purbodesh, Date: 01 December 2025, Page: 2, Col: 4
https://epurbodesh.com/index.php?page=1&date=2025-12-1

চট্টগ্রাম • সোমবার • ১ ডিসেম্বর ২০২৫ • ১৬ অগ্রহায়ণ ১৪৩২ • ৯ জমা সানি ১৪৪৭
৮ পৃষ্ঠা • মূল্য ৭ টাকা
চট্টগ্রাম • রেজি. নম্বর ৪৫০ • বর্ষ ২২ সংখ্যা ১০৬

প্রতিটি প্রভাত হোক সুপ্রভাত

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH

suprobhat.com | esuprobhat.com | facebook.com/suprobhat

৩ ২৯ দিনেই এসেছে ৩২ হাজার কোটি টাকা

৫ বেতন কমিশনের প্রজ্ঞাপন জারি-কার্যকরের দাবি

৬ শেষ টি-টোয়েন্টি দলে যুক্ত শামীম



**চট্টগ্রামে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পর্যাপ্ত শিক্ষক কেন নেই**

দেশের শিক্ষা ব্যবস্থার যে করুণ হাল তা আর বিশদ বলার অপেক্ষা রাখে না। বিশেষ করে প্রাথমিক পর্যায়ে।

বিস্তারিত ▶ পৃষ্ঠা : ২



প্রিমিয়ার ইউনিভার্সিটির এইচআরএম ডিসিপ্লিনের শিক্ষামূলক ইন্ডাস্ট্রিয়াল ট্যুরে অংশগ্রহণকারীরা

# প্রিমিয়ার ইউনিভার্সিটির এইচআরএম ডিসিপ্লিনের ইন্ডাস্ট্রিয়াল ট্যুর

প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম) ডিসিপ্লিনের ৮ম সেমিস্টারের শিক্ষার্থীরা সম্প্রতি চট্টগ্রামের সনেট ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর উৎপাদন ইউনিট সনেট ফ্যাশনস লিমিটেড-এ একটি শিক্ষামূলক ইন্ডাস্ট্রিয়াল ট্যুর সফলভাবে সম্পন্ন করেছে। শিক্ষার্থীদের এই ইন্ডাস্ট্রিয়াল ট্যুর সুষ্ঠুভাবে পরিচালনা করেন সনেট ইন্ডাস্ট্রিজ লিমিটেড-এর মার্চেন্ডাইজিং বিভাগের সিনিয়র মার্চেন্ডাইজার জনাব মো. শাইফুল করিম আরিফ, অ্যাডমিন ও কমপ্লায়েন্স বিভাগের সিনিয়র এক্সিকিউটিভ (এইচআর) জনাব মো. আহসান, ওয়েলফেয়ার ও কমপ্লায়েন্স এক্সিকিউটিভ (এইচআর) জনাব অলকা নাথ। তাদের সার্বিক দিকনির্দেশনা ও সহযোগিতায় শিক্ষার্থীরা সরাসরি শিল্পক্ষেত্রে কার্যক্রম পর্যবেক্ষণের সুযোগ পায়। ভ্রমণের সময় শিক্ষার্থীরা উৎপাদন প্রক্রিয়া, শ্রমিক ব্যবস্থাপনা, কাজের পরিবেশ, কমপ্লায়েন্স কার্যক্রম এবং প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপনার বাস্তব প্রয়োগ সম্পর্কে বিস্তারিত ধারণা অর্জন করে। বিশেষত, তারা দেখেন কীভাবে ৬৫০-৭০০ জন শ্রমিককে সমন্বিতভাবে পরিচালনার মাধ্যমে উচ্চ উৎপাদনশীলতা ও মান বজায় রাখা হয় এবং কীভাবে কার্যকর মানবসম্পদ ব্যবস্থাপনার কৌশল শিল্পপ্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এই শিক্ষামূলক কার্যক্রমটি তত্ত্বাবধান করেন প্রিমিয়ার ইউনিভার্সিটির ব্যবসায় প্রশাসন বিভাগের সহকারী অধ্যাপক মিসেস জিনাত শাহানা, মিসেস পপি পোদ্দার ও জনাব সাইফুল আজম। মোট ৩২ জন শিক্ষার্থী এই ইন্ডাস্ট্রিয়াল ট্যুরে অংশগ্রহণ করে এবং তাদের পাঠ্যক্রমের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ প্রত্যক্ষ শিল্প অভিজ্ঞতা অর্জন করে, যা তাদের ভবিষ্যৎ ক্যারিয়ার গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। বিশ্ববিদ্যালয় আশা করে, ভবিষ্যতেও এমন শিক্ষামূলক সহযোগিতা অব্যাহত থাকবে। বিজ্ঞপ্তি

Ref: Daily Suprobhat Bangladesh, Date: 01 December 2025, Page: 5, Col: 5
https://esuprobhat.com/index.php?page=1&date=2025-12-01